

MARKING SCHEME

SECONDARY SCHOOL EXAMINATION ---- 2016

SUMMATIVE ASSESSMENT -- II

SUBJECT : BENGALI (005)

CLASS -- X

SET : SERIES : JSR

CODE NO. 7

SET : 4

MARKING SCHEME

SECONDARY SCHOOL EXAMINATION : 2016

SUMMATIVE ASSESSMENT -- II

SUBJECT : BENGALI (005)

CLASS -- X

SERIES : JSR

CODE NO : 7

SET : 4

MAXIMUM MARKS : 90

।। উত্তরপত্র মূল্যায়ন - সংক্রান্ত বিশেষ নির্দেশাবলি ।।

1. উপস্থিত মূল্যায়ন প্রকল্পে (Marking scheme -এ) উত্তরসমূহের মানবিন্দু (Value Point) - গুলিই প্রস্তাবিত হয়েছে মাত্র। এই Value Point - গুলিকে পূর্ণাঙ্গ উত্তর হিসাবে নয় - প্রত্যাশিত উত্তরের দিকদিশারি (Guide Lines) হিসাবেই গণ্য করতে হবে। পরীক্ষার্থী নিজের ভাষায় অর্থাৎ নিজের মত করে উত্তর দিতে পারে ; এবং সেই উত্তর নিতান্ত ভুল না হলে তাতে যথোচিত নম্বর দিতে হবে।
2. মহামান্য সর্বোচ্চ আদালতের (Supreme Court - এর) আদেশ অনুসারে সংশ্লিষ্ট পরীক্ষার্থীরা এখন থেকে নির্দিষ্ট অর্থমূল্য (Fee) দিয়ে আবেদন করলে তাদের উত্তরপত্রের প্রতিলিপি (Photocopy) পাঠাতে হবে, এ- কারণে সমস্ত প্রধান-পরীক্ষক / পরীক্ষককে পুনরায় অবগত করা হচ্ছে যে তাঁরা যেন উত্তরপত্রের প্রতিটি উত্তর অব্যতিক্রমীরূপে Marking Scheme - প্রস্তাবিত Value Point অনুযায়ী মূল্যায়ন করা হয়েছে - সে ব্যাপারে অবশ্য সুনিশ্চিত থাকেন।
3. সমস্ত প্রধান-পরীক্ষক / পরীক্ষককে এও জানানো হচ্ছে যে , কোন উত্তর সম্পূর্ণ ভুল হলে মূল্যায়নের সময় সেই ভুল উত্তরের উপর (X) চিহ্ন অঙ্কিত করতে হবে এবং সেই উত্তরের জন্য যথাস্থানে '০' (শূন্য) নম্বর চিহ্নিত করতে হবে।

SECONDARY SCHOOL EXAMINATION ---- 2016
SUMMATIVE ASSESSMENT -- II
MARKING SCHEME

SUBJECT : BENGALI (005)

CODE NO: 7
SERIES: JSR
SET : 4

উত্তর পত্র মূল্যায়নের ক' টি সাধারণ নীতি

- ক. 'অথবা' - যুক্ত প্রশ্ন (choice type question) - এর ক্ষেত্রে প্রদত্ত সব প্রশ্নের উত্তর লিখিত হলে পরীক্ষার্থীর স্বার্থে অপেক্ষাকৃত বেশি নম্বর পেতে পারে, তেমন উত্তরটি গণ্য করতে হবে এবং অতিরিক্ত উত্তরগুলি কেটে দিতে হবে।
- খ. 90 নম্বরের মধ্যে 27 নম্বর পর্যন্ত পাওয়া পরীক্ষার্থীকে অতিরিক্ত তিন নম্বর দিয়ে ন্যূনতম পাশ নম্বর 30 (33%) এর আওতায় আনতে হবে।
- গ. ভাষা ও সাহিত্যের পরীক্ষায় পুরো নম্বর দেওয়া যায় না বরং কম নম্বর দিতে হয় অথবা পরিমাণে প্রচুর লিখতে হয়- এ হেন চিরাচরিত চিন্তা বা সংস্কার ছেড়ে বাংলা ভাষা ও সাহিত্যের উত্তরপত্র মূল্যায়ন করতে হবে।
- ঘ. বানান ভুল যতক্ষণ না পর্যন্ত বিষয়-বস্তুকে বিকৃত করেছে - ততক্ষণ পর্যন্ত বানান বাবদ নম্বর না কাটা বাঞ্ছনীয়।
- ঙ. উত্তর আরো কত ভালো হতে পারতো - সেই চিন্তা যথাসম্ভব দূরে রেখে প্রদত্ত উত্তরটি ঠিক হয়েছে কি না, সেই দিকে নজর দেওয়া উচিত।

<u>MARKING SCHEME</u>		
SECONDARY SCHOOL EXAMINATION : 2016		
SUMMATIVE ASSESSMENT -- II		
SUBJECT : BENGALI (005) CLASS -- X SET : 4 SERIES : JSR		
MAXIMM MARKS : 90		CODE : 7
প্রশ্নপত্রের 'A', 'B', 'C', 'D' চারটি অংশ - যথাক্রমে 20, 10, 20 এবং 40 নম্বরের।		
Q NO.	EXPECTED ANSWERS/VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
SECTION - A : READING (বোধ - পরীক্ষণ)		
1.	<p>অনুচ্ছেদ পড়ে প্রশ্নোত্তর। তিনটি প্রশ্ন। প্রতিটি প্রশ্নের সঙ্গে তিনটি করে উত্তর দেওয়া আছে - যার মধ্যে একটিই ঠিক উত্তর। সেই ঠিক উত্তরটিকেই বেছে লিখতে হবে। (MCQ)</p> <p>* প্রথম দুটি প্রশ্নের জন্য 2+2 এবং শেষ প্রশ্নটির জন্য 1 নম্বর নির্ধারিত।</p> <p>* ঠিক উত্তরটির ক্রমাক্ষ উল্লেখ করে পুরো উত্তরটিই লিখতে হবে।</p> <p>যেমন :</p> <p>1. (ক) (iii) একই পরিমাণ চাল সিদ্ধ করলে। (খ) (i) প্রবীন বা বয়স্ক মানুষের অভিজ্ঞতা বেশি; তাই তাঁরা যা বলেন তার মূল্যও অনেক বেশি। (গ) (iii) যে চাল পুরনো তা ভাতে বাড়ে।</p> <p>পুরো উত্তর না লিখে কেবল সঠিক উত্তরের ক্রমাক্ষ উল্লেখ করলেও পুরো নম্বর দিতে হবে। যেমন :</p> <p>1. (ক) (iii) (খ) (i) (গ) (iii)</p>	<p>5 (2+2+1)</p>

Q.NO.	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
2.	<p>1 নম্বর প্রশ্নের মতই এখানেও অনুচ্ছেদ পড়ে এর অন্তর্ভুক্ত বিষয়ের উপর প্রশ্নোত্তর লিখতে হবে। (MCQ)</p> <p>* এখানেও প্রথম দুটি প্রশ্নের জন্য 2+2 এবং তৃতীয় প্রশ্নটির জন্য 1 নম্বর থাকবে।</p> <p>* উত্তর ও তার প্রত্যাশিত উপস্থাপনা এবং নম্ব দেওয়ার নীতি পূর্ববৎ।</p> <p>*ঠিক উত্তর :</p> <p>(ক) (ii) রোজ সন্ধ্যায় একটি করে বেলফুলের মালা চেয়েছিলেন।</p> <p>(খ) (ii) বোটানি।</p> <p>(গ) (i) তৎপুরুষ।</p>	<p>5 (2+2+1)</p>
3.	<p>প্রথম দুটি প্রশ্নের মতই অনুচ্ছেদ ভিত্তিক, নির্বাচনমূলক। (MCQ)</p> <p>*ঠিক উত্তর :</p> <p>(ক) (i) চোখে জল আসে।</p> <p>(খ) (iii) মাটি।</p> <p>(গ) (i) যে সঙ্গীহীন।</p>	<p>5 (2+2+1)</p>
4.	<p>প্রথম তিনটি প্রশ্নের মতই অনুচ্ছেদ ভিত্তিক, নির্বাচনমূলক। (MCQ)</p> <p>*ঠিক উত্তর :</p> <p>(ক) (ii) যে নিজের দুর্জয় মনকে জয় করতে পেরেছে, সে।</p> <p>(খ) (iii) সম্পদ হল জ্ঞান আর প্রেম।</p> <p>(গ) (i) দুঃ + জয়।</p>	<p>5 (2+2+1)</p>

QNO.	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
	SECTION - B (নির্মিত)	
5.	<p>স্কুলের নোটিশ-বোর্ডের জন্য নোটিশ বা বিজ্ঞপ্তি রচনা। অথবা-যুক্ত প্রশ্ন।</p> <p>* 5 নম্বরের মধ্যে 2 হল অবয়বসংস্থান বা Format -এর জন্য এবং 3 নম্বর বিষয় প্রকাশের জন্য।</p> <p>* বোর্ড প্রস্তাবিত বইয়ে Format - সমন্বিত রচনার কোনো নমুনা নেই। তাই মোটামুটিভাবে বিজ্ঞপ্তির ভঙ্গি বজায় থাকলেই ঐ 2 নম্বর পুরো দেওয়া উচিত।</p> <p>* তবে বিজ্ঞপ্তি লিখতে গিয়ে কেউ যদি পুরোপুরি পত্ররচনা করে ফেলে, তবে সেক্ষেত্রে 1 নম্বর কাটা যাবে। বিষয়বস্তু ঠিকমত প্রকাশ করতে পারলে 3 নম্বর পুরো দেওয়া যাবে।</p> <p>* প্রশ্নপত্র অনুযায়ী কোনো শব্দসীমা গণ্য নয়।</p>	5 (2+3)
6.	<p>প্রতিবেদন রচনা। ‘অথবা’ - যুক্ত প্রশ্ন।</p> <p>* প্রশ্নপত্র অনুযায়ী কোনো শব্দসীমা গণ্য নয়।</p> <p>* অতিনির্দিষ্ট কোনো Format প্রত্যাশিত নয় এবং সংবাদ শিরোনামের জন্য 1 নম্বর ধার্য থাকবে।</p> <p>* বিষয়বস্তু ও তার প্রকাশভঙ্গি ও ভাষা-দক্ষতা অনুযায়ী ন্যূনতম 2 নম্বর এবং অধিকতম 3 নম্বর দেওয়া যাবে। তবে Format হিসেবে নিজস্ব সংবাদদাতা /নাম/স্থান/তারিখ ইত্যাদির উল্লেখ 1 নম্বর ধার্য থাকবে।</p>	5 (1+1+3)

Q. NO.	EXPECTED ANSWERS/VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
	SECTION - C (ব্যাকরণ)	
7.	<p>বানানগত অশুদ্ধি সংশোধন সম্পর্কিত নির্বাচনমূলক প্রশ্নোত্তর (MCQ)।</p> <p>* তিনটি উত্তরের মধ্যে ঠিক উত্তরটি (প্রতিটি প্রশ্নের) দিতে হবে।</p> <p>* পুরো উত্তর না লিখে শুধু ঠিক উত্তরের ক্রমাঙ্ক উল্লেখ করলেও পুরো নম্বর দিতে হবে।</p> <p>* ঠিক উত্তরগুলি : (ক) দ্বিতীয় (খ) শুরু (গ) দশম (ঘ) শারীরিক (ঙ) নিশীথ।</p>	<p>5 (1 x 5)</p>
8.	<p>বিসর্গ সন্ধি সম্পর্কিত নির্বাচনমূলক প্রশ্নোত্তর (MCQ)।</p> <p>* নীতি পূর্ববৎ। ঠিক উত্তরগুলি হল :</p> <p>(ক) (ii) প্রাতরাশ (খ) (i) নিঃ + রব (গ) (iii) পুনঃ + আগমন (ঘ) (iii) নিরানন্দ (ঙ) (iii) মনস্কাম।</p>	<p>5 (1 x 5)</p>
9.	<p>‘বাক্যের রূপান্তর সাধন’ - সম্পর্কিত নির্বাচনমূলক প্রশ্নোত্তর। (MCQ)</p> <p>* মূল্যাঙ্কননীতি পূর্ববৎ। ঠিক উত্তরগুলি :</p> <p>(ক) (ii) যদিও রুমকি পড়াশুনো করেনি তবুও সে পাশ করে গেল। (খ) (iii) বাবার সঙ্গে মেয়েও কাঁদে। (গ) (i) আমি দোষ করেছি, ক্ষমা চাইছি। (ঘ) (i) পরিশ্রম করলে জীবনে উন্নতি হবে। (ঙ) (iii) আমি যখন বাড়ি যাব তখন পড়াশুনো করব।</p>	<p>5 (1 x 5)</p>

Q. NO.	EXPECTED ANSWERS/VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
10.	<p>‘একই শব্দের বিভিন্নার্থে প্রয়োগ’ - সম্পর্কিত নির্বাচনমূলক প্রশ্নোত্তর। (MCQ)</p> <p>* মূল্যায়ন নীতি পূর্ববৎ। ঠিক উত্তরগুলি হল :</p> <p>(ক) (ii) পূরবীর অঙ্কের মাথাটি বেশ পাকা।</p> <p>(খ) (iii) কথাটা ওর বেশ মনে ধরেছে।</p> <p>(গ) (iii) মাথায় ভাল করে তেল দাও তো।</p> <p>(ঘ) (i) কড়া কথা বললে চলে যাব কিন্তু।</p> <p>(ঙ) (ii) প্রতিশ্রুতি।</p>	<p style="text-align: center;">5 (1 x 5)</p>
SECTION - D : LITERATURE (সাহিত্য)		
11.	<p>পাঠ্য গদ্যাংশ থেকে বাখ্যা।</p> <p>‘ত্রিভুবন এই মহাস্ত্রে গ্রথিত’ অথবা</p> <p>‘এখানে যেন তাহার স্বজাতি দোসর কেহ ছিল না।</p> <p>* প্রথম ব্যাখ্যাটি জগদীশচন্দ্র বসুর ‘ভাগীরথীর উৎস সন্ধান’ (উত্তর সংকেত : শিব স্বর্গ মর্ত্য পাতালের অধীশ্বর এবং ত্রিশূল সেই শক্তির প্রতীক) এবং ‘অথবা’ - যুক্ত ব্যাখ্যাটি রবীন্দ্রনাথ ঠাকুরের ‘বিদ্যাসাগর’ (উত্তর সংকেত : বিদ্যাসাগরের স্বতন্ত্র ব্যক্তিত্ব) থেকে নেওয়া হয়েছে।</p> <p>* সূত্র, প্রসঙ্গ ও ব্যাখ্যা - এই তিনটি স্বতন্ত্র অনুচ্ছেদে বিন্যস্ত হলেই (1+1) 2 নম্বর এবং সেই সঙ্গে ব্যাখ্যা অংশটি ঠিক থাকলে অন্তত 2 এবং অধিকতম 3 নম্বর দেওয়া যাবে।</p> <p>* স্বতন্ত্র অনুচ্ছেদ নেই, কিন্তু সূত্র ও প্রসঙ্গের উল্লেখ আছে এবং ব্যাখ্যা অংশটিও ঠিক আছে - তাহলে ন্যূনতম 3 এবং সর্বোচ্চ 5 নম্বর দেওয়া যাবে।</p>	<p style="text-align: center;">5 (1+1+3)</p>

Q. NO.	EXPECTED ANSWERS/VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
12.	<p>গদ্যাংশ থেকে উদ্ধৃতি ভিত্তিক অথবা - যুক্ত প্রশ্ন ‘কোনো মহাশিল্পী রচনা করিয়া গিয়াছেন।’</p> <p>(i) জগদীশচন্দ্র বসু - 1 নম্বর।</p> <p>(ii) ‘ভাগীরথীর উৎস সন্ধান’ যাত্রাকালে তুষার ক্ষেত্রে পৌঁছে প্রকাশ উর্মিমালার প্রস্তরীভূত রূপ দেখে - মোটামুটি লিখলেই 2 নম্বর।</p> <p>(iii) ‘মহাশিল্পী’ অর্থাৎ মহান যে শিল্পী - এখানে অষ্টার/ঈশ্বরের কথাই বোঝানো হয়েছে। প্রস্তরীভূত উর্মিমালার সঙ্গে উত্তাল সমুদ্রের ক্ষুর মূর্তির তুলনা করা হয়েছে। যেকোনো ভাবে অর্থটিকে স্পষ্ট করতে পারলেই চলবে। দুটি অংশের জন্য (1+1) 2 নম্বর দেওয়া হবে।</p> <p>অথবা - যুক্ত প্রশ্ন :</p> <p>(i) লেখক মুহম্মদ শহীদুল্লাহ (শুধু ‘লেখক’ লিখলে 1/2 নম্বর)</p> <p>(ii) পল্লীসাহিত্য/ছড়া, রূপকথা, ধাঁধা, প্রবাদ-প্রবচন ইত্যাদি বাংলার নিজস্ব সম্পদকে ধ্বংসের পথে বিলীন হয়ে যাওয়া থেকে রক্ষার জন্য।</p> <p>(iii) সাহিত্যের স্বেচ্ছাসেবক/ছাত্র সমাজ/সাহিত্যিক সভা/সমিতির মাধ্যমে পল্লীসাহিত্য গুলিকে সংগ্রহ করে রাখা।</p>	5 (1+2+2)
13.	<p>গদ্যাংশ থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন।</p> <p>‘কিন্তু একটা বিষয়ে সাদৃশ্য ছিল না’</p> <p>(i) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের বর্ণপরিচয় - এর প্রথম ভাগে। (শুধু বর্ণপরিচয় লিখলে 1/2 নম্বর)</p> <p>(ii) ক) বড়দের অবাধ্য হওয়া, খ) দুরন্তপনা, গ) অন্যদের বিরক্ত করা।</p> <p>(iii) পড়াশুনার প্রতি আগ্রহ ও প্রতিকূল অবস্থার বিরুদ্ধে নিজের জিদ বজায় রাখা। মূলত ‘পড়াশুনার প্রতি আগ্রহ’ বিষয়টিকে তুলে ধরতে পারলেই পুরো নম্বর দেওয়া যেতে পারে।</p>	5 (1+2+2)

Q. NO.	EXPECTED ANSWERS/VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
	<p>‘অথবা’ যুক্ত প্রশ্ন :</p> <p>(i) নদী লেখককে বলেছে ($1/2 + 1/2$)</p> <p>(ii) উত্তর সংকেত : নদী তুমি কোথা হইতে আসিয়াছ?</p> <p>(iii) উত্তর সংকেত : নন্দাদেবীর শীর্ষে বিরাজমান এক অতি বৃহৎ ভাস্বর জ্যোতি থেকে নির্গত ধূমরাশি লেখকের মানসচক্ষে মহাদেবের জটা রূপে প্রতিভাত হয়েছে।</p>	
14.	<p>পাঠ্য কবিতা থেকে ব্যাখ্যা। (অথবা-যুক্ত প্রশ্ন)</p> <p>‘ভাবিলাম মনে বুঝি এতখনে আমারে চিনিল মাতা।’ উৎস : দুই বিঘা জমি / কবি রবীন্দ্রনাথ ঠাকুর। উৎস, প্রসঙ্গ ও ব্যাখ্যা। নম্বর-বিভাজন প্রশ্নসংখ্যা 11 র মত। (সংকেত : ব্যাখ্যা অংশে জন্মভূমিকে মাতৃরূপে কল্পনা ও তার স্নেহের দানকে সসম্মানে গ্রহণ মোটামুটি বোঝাতে পারলেই 2 থেকে 3 নম্বর)।</p> <p>‘অথবা’ - ‘কদিনের এই দেখা মুছে যায়’ উৎস : ছাত্রধারা / কবি : কালিদাস রায় সংকেত : নতুন ছাত্রদের আগমনে পুরোনো ছাত্রদের হারিয়ে যাওয়া ব্যক্তিমুখগুলি স্মরণে আনার জন্য শিক্ষকের আন্তরিক প্রচেষ্টা। তুলনীয় : সমুদ্রের ঢেউ ও ছাত্রদল।</p>	5 (1+1+3)
15.	<p>কবিতার উদ্ধৃতি ধরে প্রশ্ন :</p> <p>অথবা-যুক্ত</p> <p>‘হেন সহবাসে কেন না শিখিবে।’</p> <p>(i) ইন্দ্রজিতের - 1 নম্বর</p> <p>(ii) মাইকেল মধুসূদন দত্ত/বিভীষণের প্রতি ইন্দ্রজিৎ 1+1= 2 নম্বর</p> <p>(iii) বিভীষণকে - $1/2$ নম্বর। রাক্ষসবংশে জন্মগ্রহণ করেও জ্ঞাতি প্রেম, জাতিপ্রেম ভুলে শত্রুপক্ষের অনুগামী হওয়ার জন্য বিভীষণকে তিরস্কার করেছেন ক্ষুরক হয়ে।</p>	5 (1+2+2)

Q. NO.	EXPECTED ANSWERS / VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
	<p>অথবা 'ব্যক্তি ডুবে মনে রাখে?</p> <p>(i) ছাত্রধারা - 1 নম্বর।</p> <p>(ii) 'ব্যক্তি' অর্থাৎ এক এবং 'দল' অর্থে অনেক বোঝানো হয়েছে। এখানে ব্যক্তি বলতে একটি ছাত্র / ফুল এবং দল বলতে ছাত্রদল / মালা বোঝানো হয়েছে। 1+1 = 2</p> <p>(iii) ছাত্রের সঙ্গে ফুলের এবং ছাত্রদলের সঙ্গে মালার তুলনা - গুছিয়ে লিখতে পারলেই 2 নম্বর।</p>	
<p>16.</p>	<p>কবিতার উদ্ধৃতি তুলে প্রশ্ন :</p> <p>'শুধু বিষে দুই গেছে ঋণে'</p> <p>(i) দুই বিষ জমি - 1 নম্বর।</p> <p>(ii) জমিদার মিথ্যা দেনার অজুহাতে উপেনের জমি দখল করে নিয়েছিল - যেখানো ভাবে লিখতে পারলেই 2 নম্বর।</p> <p>(iii) ফিরে যাওয়ার পর সেই বাগানেরই আম চুরির দায়ে উপেনকে ধরা হয়েছিল। - একথা লিখলে 2 নম্বর।</p> <p>অথবা 'সচকিতে বীরবর সম্মুখে'</p> <p>(i) ইন্দ্রজিৎ - 1 নম্বর</p> <p>(ii) খুল্লতাত বিভীষণকে - 1 নম্বর। ধূমকেতুর ন্যায় / শূলহস্তে / প্রচন্ডমূর্তি ইত্যাদি আর কয়েকটি শব্দের সাহায্যে বিভীষণের বর্ণনা দিলে আরো 1 নম্বর দেওয়া হবে।</p> <p>(iii) নিকুণ্ডিলা যজ্ঞগারে লক্ষ্মণ সহ প্রবেশের কারণ উপলব্ধি করে তিরস্কার প্রসঙ্গে ইন্দ্রজিৎ যা যা বললেন সংক্ষেপে লিখলেই 2 নম্বর।</p>	<p>5 (1+2+2)</p>
<p>17.</p>	<p>রাজকাহিনি থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন।</p> <p>(i) হরীত - 1 নম্বর।</p> <p>(ii) মহর্ষি চোখ দুটি খোলার পর মহাদেবকে প্রণাম করে এক অঞ্জলি দুধের ধারা পান করলেন। লিখলে 2 নম্বর।</p> <p>(iii) কেন? - হরীত বাপ্যাদিত্যের ধবলী গাইয়ের দুধের ধারা পান</p>	<p>5 (1+2+2)</p>

Q. NO.	EXPECTED ANSWERS/VALUE POINTS	DISTRIBUTION OF MARKS
	<p>করে তুষ্ট হলেন। কী কী ? - ভগবতী ভবানীর খাঁড়া এবং অক্ষয় ধনুঃশর। পুরো বাক্যে না লিখলেও $(\frac{1}{2} + \frac{1}{2})$ 1 নম্বর</p> <p>অথবা ‘দেখ দেখি, লাগবে।’</p> <p>(i) রানী লছমিবাই - 1 নম্বর।</p> <p>(ii) মালদেব নারকেলটি পাঠিয়ে হাম্বিরের সাথে নিজের কণ্যার বিবাহের প্রস্তাব দিয়েছিলেন। - একথা লিখলে 2 নম্বর।</p> <p>(iii) কেবল দরজায় একটি মাত্র প্রহরী মহারাণাকে ভূমিষ্ঠ হয়ে প্রণাম করে অভ্যর্থনা জানাল-কোনো মঙ্গলশঙ্খ বা কণ্যাপক্ষের আনন্দের ছোঁয়া সেখানে ছিল না। মোটামুটি গুছিয়ে লিখলে 2 নম্বর।</p>	
18.	<p>রাজকাহিনি থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন।</p> <p>(i) ভবানীর খাঁড়ার সন্ধানে - 1 নম্বর।</p> <p>(ii) সুড়ঙ্গের ভিতরের বর্ণনা সংক্ষেপে লিখতে পারলেই 2 নম্বর।</p> <p>(iii) কারুণি দেবীর স্বর্ণমূর্তির সামনে আগুণের উপর বসানো লোহার কড়াই ঘিরে বসে থাকা পাঁচজন ভৈরবীর বর্ণনা যেকোনো ভাবে দিতে পারলেই 2 নম্বর।</p> <p>অথবা</p> <p>(i) মুসলমান নবাব সেলিমের কণ্যা। - 1 নম্বর</p> <p>(ii) পনেরো বছর বয়সে ভিখারিনী বাপ্পাদিত্যকে ছাদ থেকে দেখেছিলেন যখন তিনি তাদের রাজ্য কেড়ে নিতে এসেছিলেন - 2 নম্বর।</p> <p>(iii) বাপ্পাদিত্য ভিখারিনীকে সেই পরিচিত গানটি গাইতে বললেন। গান শুনে খুশি হয়ে ভিখারিনীকে বেগম করলেন - লিখলে 2 নম্বর।</p>	5 (1+2+2)